গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি
মৎস্য বন্দর, চট্টগ্রাম
www.mfacademy.gov.bd

নং: ৩৩.০৭.০০০০.০০১.১১.০৫৩.৯৫ (অংশ-১)-০২৭

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪৩১
১৭ ফেব্রুয়ারি, ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ছাড়পত্র সংখ্যা ৩৩.০০.০০০০.১২৮.১১.০০৮.১৯.৩৩ মোতাবেক মেরিন ফিশারিজ একাডেমির নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হলো:

| ক্রঃ | পদের নাম | বেতন স্কেল/গ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫) | পদের সংখ্যা ও ধরন | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | ড্রাফ্টসম্যান | টাকা: ৯৭০০-২৩৪৯০<br>গ্রেড: ১৫ | ০১ (এক)টি<br>রাজস্ব খাতভুক্ত<br>স্থায়ী পদ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেডকোর্স সার্টিফিকেট; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |

নিয়োগ সংক্রান্ত শর্তাবলী:

১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে।

৩। নির্ধারিত আবেদন ফরম অত্র একাডেমির ওয়েবসাইট www.mfacademy.gov.bd এর Notice Board লিংক হতে অথবা সরকারি ওয়েবসাইট www.forms.mygov.bd হতে download করে সংগ্রহ করতে হবে।

৪। আবেদন ফরম পূরণ করে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, ডাকঘর: মৎস্য বন্দর, কর্ণফুলী, চট্টগ্রাম-৪০০০ বরাবরে আগামী ১৭ মার্চ ২০২৫ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

৫। নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণের জন্য আবেদন পত্রের সাথে ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি আকারের একটি খামে প্রার্থীর বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ লাগিয়ে সংযুক্ত করতে হবে।

৬। প্রার্থীর বয়স ১৭ মার্চ ২০২৫ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। প্রার্থীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৮। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১০। নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর অনকূলে ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- ১-৪৪৩২-০০০১-২০৩১ এ জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১১। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি ও সংশ্লিষ্ট সকল শিক্ষাগত সনদের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

১২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্বাক্ষরিত**
অধ্যক্ষ